

## পশ্চিম বঙ্গ সরকার

### ক্রীড়া দপ্তর

৫ম তল, বি- ব্লক, নব মহাকরণ, কলকাতা-৭০০০০১

ফোন নং-০৩৩-২২৬২৫৭৪০, ফ্যাক্স-০৩৩-২২৬২৫৭৪১ ওয়েবসাইট-ডব্লিউডব্লিউডব্লিউডব্লিউবিম্পোর্টস.ইন

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সমগ্র আগ্রহী বিক্রেতাগণদের জানানো যাইতেছে যে আর্থিক বর্ষ ২০১৪-২০১৫ এর জন্য ইষ্টবেঙ্গল/এরিয়ান, মোহনবাগান-সি এফ সি ও মহম্মেডান/হাওড়া ইউনিয়ন ক্লাব মাঠের ভিতর সারাবছর নিম্নলিখিত পর্যায়ে খাদ্য দ্রব্য ও অন্যান্য দ্রব্যাদি বিক্রয় হেতু ভেভার কার্ড প্রদান করা হইবে। ইচ্ছুক বানিজ্যিক অনুজ্ঞা পত্র ধারকগণদের এই দপ্তরে সাদা কাগজে অথবা নিজস্ব ছাপানো পত্রে আবেদন করিতে হইবে।

আবেদন জমা করিবার শেষ তারিখ : ১০/০৯/২০১৪।

পর্যায়-১ : মুড়ি, বাদাম, লজেন্স ও পান বিক্রয়। বার্ষিক মূল্য- ২৫০/- টাকা।

পর্যায়-২ : ম্যাগাজিন বিক্রয়। বার্ষিক মূল্য- ৫০০/- টাকা।

পর্যায়-৩ : আইসক্রিম ও ঠান্ডা পানীয় বিক্রয়। বার্ষিক মূল্য- ১০০০/- টাকা।

আবেদনপত্রের সঙ্গে টি আর ফর্ম ৭ এর ক রশিদ সংযুক্ত করিতে হইবে।

এই ভেভার কার্ড উপযুক্ত বার্ষিক মূল্যের বিনিময়ে মাত্র এক বছরের জন্য পুনর্নবিকরণ যোগ্য।

বিষদ বিবরণের জন্য নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করিতে অনুরোধ করা যাইতেছে।

তাং-২৮/০৮/২০১৪

সহ সচিব

ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

নং-৮৪২/ক্রীড়া/১-এম-২৫/২০১৩

তাং-২৮/০৮/২০১৪

যথাযথ বিজ্ঞাপনের জন্য প্রতিলিপি প্রেরিত হইল:-

- ১) মুখ্য নির্বাহী আধিকারিক, বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গণ।
- ২) সচিব, পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্যদ।
- ৩) সচিব, মোহনবাগান ক্লাব।
- ৪) সচিব, ইষ্টবেঙ্গল ক্লাব।
- ৫) সচিব, মহম্মেডান ক্লাব।
- ৬) ভারপ্রাপ্ত মন্ত্রীর ব্যক্তিগত সচিব।
- ৭) সচিবের বরিষ্ঠ ব্যক্তিগত সচিব।
- ৮) দপ্তরের ওয়েবসাইট।
- ৯) নোটিশ বোর্ড।

সহ সচিব

ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার